

## কোভিড -19 কেসের উপর ভিত্তি করে জনস্বাস্থ্যের দল কর্তৃক সাপ্তাহিক বিবৃতি

15 এপ্রিল 2021

9 এপ্রিল পর্যন্ত সাত দিনে (14 এপ্রিল প্রকাশিত তথ্যের ভিত্তিতে) ব্রাইটন অ্যান্ড হোভে আমরা 37 টি নতুন কোভিড-19 কেস পেয়েছি। এটা:

- আগের সপ্তাহের চেয়ে 14% হ্রাস পেয়েছে
- প্রতি 100,000 জন বাসিন্দার মধ্যে সপ্তাহে 12.7 এর সমান
- দক্ষিণ পূর্বের হারের চেয়ে কম যা প্রতি 100,000 জনে 18.3 ছিল
- ইংল্যান্ডের হারের চেয়ে কম, যা প্রতি 100,000 জনে 27.9 ছিল

### ব্রাইটন ও হোভের জন্য এর অর্থ কী?

ব্রাইটন ও হোভে কোভিড-19 এর নিশ্চিত হওয়া কেইসের সংখ্যা এই সপ্তাহে আবার হ্রাস পেয়েছে। গত বছর গ্রীষ্মের শেষে যে হার ছিল এখন সেই একই নিম্ন স্তরে ফিরে এসেছে।

তবে আমাদের অবশ্যই বাসিন্দাদের মনে করিয়ে দিতে হবে যে লোকজনের শুধু ইতিবাচক পরীক্ষাগুলির ফলাফল থেকেই পাওয়া খবর আমরা জানি।

এনএইচএস টিকা দেওয়ার প্রোগ্রামটি সবার কাছে পৌঁছানোর জন্য রোডম্যাপের অগ্রগতি নিয়ন্ত্রণের মধ্যে থাকা ভাইরাসের উপর নির্ভর করে।

### পরীক্ষাগুলো নিয়মিত করুন

কোভিড-19 এ আক্রান্ত প্রতি তিন জনের মধ্যে একজনের কোন লক্ষণ থাকেনা। সেই কারণে, আমরা সকল বাসিন্দাদেরকে লক্ষণবিহীন পরীক্ষা নেয়া তাদের সাপ্তাহিক নিয়মিত কাজের অংশ করতে উৎসাহিত করছি।

লক্ষণবিহীন লেটারেল ফ্লো টেস্টগুলি নিখরচায় পাওয়া যায়, আপনাকে এর জন্য খরচ দিতে হবে না এবং সেগুলি আপনার নিজের ঘরেই নিজের সুবিধামত করা যেতে পারে। আপনি এগুলি সারা শহরের বিভিন্ন ফার্মেসী এবং কেন্দ্রগুলি থেকে সংগ্রহ করতে পারেন বা এগুলি সরাসরি আপনার বাড়ির ঠিকানায় সরবরাহ পেতে পারেন। [আপনার বিনামূল্যে পরীক্ষার কিটগুলি কীভাবে পাবেন সে সম্পর্কে সমস্ত বিবরণ](#) এখানে আছে।

### ভ্যাকসিনগুলি এখন 45 বয়সের বেশী লোকদের দেয়া হচ্ছে।

[85 বছরের বেশি বয়সী প্রত্যেকে এখন তাদের টিকা বুক করতে পারবেন](#) । এটি এখন পর্যন্ত আমন্ত্রিত অন্যান্য সকল গ্রুপ ছাড়াও যাদের দেয়া হচ্ছে তাদের মধ্যে যারা চিকিৎসাগতভাবে অত্যন্ত দুর্বল, যাদের অন্যান্য স্বাস্থ্যগত সমস্যা আছে এবং অবৈতনিক কেয়ারাররা অন্তর্ভুক্ত। যদি আপনাকে আমন্ত্রণ জানানো হয় তবে দয়া করে যত তাড়াতাড়ি সম্ভব আপনার ভ্যাকসিন নেয়া বুক করুন।